যুগান্তর

তারিখ 06 OCT 2013
পৃষ্ঠা ২৬ কলাম 2

বিশ্ব শিক্ষক দিবস পালিত

# এমপিওভুক্তির দাবিতে শিক্ষক কর্মচারীদের মানববন্ধন

**যুগান্তর ডেস্ক**

'শিক্ষকদের জন্য আহ্বান' এ প্রতিপাদ্য বিষয়কে ধারণ করে শনিবার পালিত হয়েছে বিশ্ব শিক্ষক দিবস। এ উপলক্ষে বিভিন্ন শিক্ষক সংগঠন ও এনজিও র‌্যালি, আলোচনাসভাসহ বর্ণাঢ্য কর্মসূচির আয়োজন করে। এদিকে একই দিনে নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা চাকরি জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্থানে বিক্ষোভ, মানববন্ধন, সমাবেশ ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছেন। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**জয়পুরহাট :** জয়পুরহাট কেন্দ্রীয় মসজিদ চত্বরের সামনের প্রধান সড়কে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি চলাকালে বক্তব্য রাখেন— সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান তিতাস মোস্তফা, আবু বক্কর সিদ্দিক আবদুস সালাম ও নাজমুল হক। পরে তারা একই দাবিতে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি প্রদান করেন।

**সিরাজগঞ্জ :** নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি রফিকুল ইসলামের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন অধ্যক্ষ এশারত আলী, মাওলানা আবু লাইস, মঞ্জুর আলম, আবদুল মান্নান, আলতাফ হোসেন, ইলিয়াস আলী, হযরত আলী, রুবা খাতুন, শাহ আলীসহ অন্যরা। অপরদিকে, পাবলিক লাইব্রেরি মিলনায়তনে হেলাল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শফিকুল ইসলাম, জান্নাত আরা তালুকদার হেনরি, গোপাল চন্দ্র সরকার, আনিসুর রহমান, লক্ষণ কুমার দাস, আবদুল হালিম প্রমুখ বক্তব্য রাখেন।

**নোয়াখালী :** মানববন্ধন শেষে ঐক্যজোটের জেলা সভাপতি কাজী মোহাম্মদ নুরুল হক, সাধারণ সম্পাদক ও মোহাম্মদ শহীদুল ইসলাম, আবদুল করিম, জহির উদ্দিন স্বপন, গোলাম ফারুক, নুরুর জামান ও তাসলিমা আক্তারসহ শত শত শিক্ষক জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেন।

**ঠাকুরগাঁও :** নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ঐক্যজোট ঠাকুরগাঁও জেলা শাখার সভাপতি রিয়াজুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য দেন— নজরুল ইসলাম, শফিকুল ইসলাম, অধ্যক্ষ মহসিনুল হক বাবুল, আলী, মর্তুজা, শাহজাহান, মাসুদুর রহমান, ফরাদ হোসেন, নিরঞ্জন কুমার প্রমুখ।

**নাটোর :** মাদ্রাসা মোড়ে জেলা শিক্ষা অফিসের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে নাটোর-বগুড়া মহাসড়ক ঘুরে জেলা প্রশাসকের কাছে প্রধানমন্ত্রী বরাবর তিন দফা দাবি সংবলিত একটি স্মারকলিপি প্রদান করা হয়। এসময় মামুন অর রশিদ ও আশরাফুল আলমসহ সব উপজেলার শিক্ষক নেতা উপস্থিত ছিলেন।

**পটুয়াখালী :** সাইফুল মজিদ বাহাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন তোফাজ্জেল হোসেন। অধ্যাপিকা হোসনেয়ারা বেগম, অধ্যক্ষ ফখরুদ্দিন খান, অধ্যক্ষ শাহিন খান, দৈনিক গণদাবি সম্পাদক গোলাম কিবরিয়া, এবিএম সাইফুল্লাহ, শহিদুল ইসলাম কাওসারী, ফারুক হোসেন, এবিএম জসিম উদ্দিন ও মোস্তাফিজুর রহমান।

**কুড়িগ্রাম :** কুড়িগ্রাম প্রেস ক্লাবের হলরুমে প্রেস ক্লাবের সভাপতি সফি খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার মোস্তাফিজার রহমান জেলা দুপ্রক সভাপতি সামিউল হক নান্টু, সাহাবুদ্দিন, প্রেস ক্লাবের সম্পাদক আহসান হাবীব নীলু, খন্দকার খায়রুল আনম।

**ভোলা (দক্ষিণ) :** ভোলা জেলা প্রশাসক কার্যালয়ের সামনে শনিবার দুপুর ১টায় প্রায় ঘণ্টাব্যাপী এ মানববন্ধন করে জেলা শিক্ষক ঐক্য পরিষদ। মানববন্ধনে বক্তব্য রাখেন, জেলা শিক্ষক ঐক্য পরিষদের সভাপতি অধ্যক্ষ জসিম উদ্দিন, সাধারণ সম্পাদক সেলিম, প্রভাষক এম হেলাল উদ্দিন।

## বিশ্ব শিক্ষক দিবস পালিত

**যুগান্তর রিপোর্ট**

বিভিন্ন পেশাজীবী ও সামাজিক সংগঠন শনিবার নানা কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ব শিক্ষক দিবস পালন করেছে। দিবসটি উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে র‌্যালি বের করে 'বিশ্ব শিক্ষক দিবস-২০১৩' জাতীয় উদযাপন কমিটি। র‌্যালিটি জাতীয় প্রেস ক্লাব সংলগ্ন সিরডাপ মিলনায়তনের সামনে গিয়ে শেষ হয়। র‌্যালি থেকে ইউনেস্কো-আইএলও সুপারিশ কার্যকর, স্বতন্ত্র বেতন কাঠামো চালু, শিক্ষক, অভিভাবক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রশাসন ও সবার জবাবদিহিতা প্রতিষ্ঠার আহ্বান জানানো হয়।

বাংলাদেশ কারিগরি শিক্ষক সমিতি ফেডারেশন তাদের কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ এম সাত্তার। এছাড়া বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল) মিরপুর জান্নাত একাডেমি হাই স্কুল মাঠে এবং বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশার-ছালাম) রাজধানীর রহমাতুল্লাহ মডেল হাই স্কুলে আলোচনা সভার আয়োজন করে। শিক্ষক-কর্মচারী ঐক্যজোট বরিশাল টাউন হলে আয়োজন করে শিক্ষক-কর্মচারী সমাবেশ। সমাবেশে শিক্ষক কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়াসহ সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।